

বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী - ১৬ই অক্টোবর ২০০২

এই বছরের বিশ্ব খাদ্য দিবসের মর্মবাণী “ পানি : খাদ্য নিরাপত্তার উৎস”, পানিকে আমাদের সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ উন্নয়ন সম্পর্কিত বিষয়গুলোর অন্যতম হিসেবে চিহ্নিত করেছে। টেকসই উন্নয়ন বিষয়ক বিশ্ব সম্মেলনের অব্যবহিত পরেই উদযাপিত এই দিনটি টেকসই খাদ্য উৎপাদনে পানি সম্পদের ভূমিকাকে তুলে ধরার একটি উপলক্ষ। আমরা যদি বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের চাহিদা পূরণ করতে চাই, তাহলে আমাদের এই বিষয়টিকে যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে।

বর্তমানে পৃথিবীর সুপেয় পানি সম্পদের ৭০ শতাংশ কৃষিকাজে ব্যবহৃত হয়। আমরা যদি বিশ্বের ৮০০ মিলিয়ন ক্ষুধার্ত লোকের মুখে খাদ্য যোগাতে চাই এবং ১.১ বিলিয়নের অধিক লোকের জন্যে নিরাপদ পানি নিশ্চিত করতে চাই, যারা বর্তমানে নিরাপদ পানি হতে বঞ্চিত, তাহলে আমাদেরকে অবশ্যই পানি উন্নয়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নতুন এবং নবধারণা সমৃদ্ধ পদ্ধতি গঠন করতে হবে।

আমরা যদি আগামী দশকগুলোতে বিশ্বের জনসংখ্যার দুই-তৃতীয়াংশকে তীব্র পানি সংকটের কবল হতে রক্ষা করতে চাই, তাহলে আমাদেরকে অবশ্যই পানি সম্পদের অধিকতর কার্যকরী ব্যবস্থাপনার বিষয়টিতে শিক্ষা গ্রহণ করতে হবে; বিশেষত কৃষিকাজে “প্রতিফোঁটায় অধিক ফসল” পদ্ধতি এবং জলাশয়গুলোর আঞ্চলিক ব্যবস্থাপনার জন্যে কার্যকর দক্ষতা গঠন করতে হবে, বিশেষত যেখানে জলাশয়সমূহ একাধিক দেশের জন্যে গুরুত্বপূর্ণ।

এই জন্যেই জাতিসংঘ সাধারণ পরিষদ ২০০৩ সালকে আন্তর্জাতিক সুপেয় পানির বছর হিসেবে ঘোষণা করেছে। এবং পরবর্তী মার্চে পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার বিষয়টির ব্যাপারে পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে জাপানের কিয়োটাতে তৃতীয় বিশ্ব পানি বিষয়ক ফোরাম অনুষ্ঠিত হবে।

গত জুনে রোমে আয়োজিত বিশ্ব খাদ্য সম্মেলনে বিশ্ব নেতৃবৃন্দ ২০১৫ সাল নাগাদ বিশ্বের ক্ষুধার্ত লোকের সংখ্যা অর্ধেক নামিয়ে আনা সংক্রান্ত পাঁচ বছর পূর্বে প্রদত্ত তাঁদের অঙ্গীকার নতুনভাবে পুনর্ব্যক্ত করেন। এই লক্ষ্য ২০০০ সালের সেপ্টেম্বরে বিশ্ব নেতৃবৃন্দের সম্মতিতে গৃহীত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের অন্যতম এবং আমরা যদি এই লক্ষ্য অর্জন করতে চাই তবে আর সময় নষ্ট করা শ্রেয় নয়।

আজকের এই বিশ্ব খাদ্য দিবসে আসুন আমরা এই অঙ্গীকার পূরণে দৃঢ়সংকল্প হই। আসুন আমরা আমাদের সন্তান ও পৌত্র-পৌত্রীদের জন্যে প্রজ্ঞা ও দায়িত্বশীলতার সাথে পানি ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে নিজেদের নিয়োজিত করি।

** ** *